



নং-১৫.৫৪.০০০০.০৩০.০৬.০০১.২১-৮৫

তারিখ: ২২ চৈত্র, ১৪২৮।
১২ এপ্রিল, ২০২২।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠায়
অংশীজনের অংশ গ্রহণে মত বিনিময় সভার কার্যবিবরণী:


তারিখ	:	২৮ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	:	সভাকক্ষ, বিটিভি, সদর দপ্তর
সভাপতি	:	সোহরাব হোসেন, মহাপরিচালক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে উপস্থিত সকলে তাঁদের স্ব স্ব পরিচয় প্রদান করেন। এরপর কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার লাইসেন্স সভার এজেন্ডা উপস্থাপন করেন। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে আইন ও বিধি মোতাবেক প্রতিটি শো-রুমের জন্য বিটিভি হতে লাইসেন্স গ্রহণ করে কার্যক্রম পরিচালনা করায় টেলিভিশন বিক্রয়কারী প্রতিষ্ঠান হতে আগত সকলকে ধন্যবাদ জানান। এরপর লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে কোন অসুবিধা হচ্ছে কিনা অথবা এ বিষয়ে কোন মতামত থাকলে তা জানানোর জন্য অনুরোধ করেন।

০২। সভায় আগত র্যাংগস ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি লাইসেন্স প্রদানের প্রক্রিয়া সহজ এবং সংশ্লিষ্ট শাখার কাজে সন্তুষ্টি প্রকাশ করেন। সেই সাথে নতুন নতুন শো রুম খোলার পূর্বেই যেন অন লাইনে আবেদন করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। বাণিজ্যিক টেলিভিশন লাইসেন্সের আবেদন অন লাইনে গ্রহণ, টেলিভিশন বিক্রেতা কোম্পানীর একটি লাইসেন্স ইস্যু এবং আবাসিক টেলিভিশন লাইসেন্স ফি নির্ধারণ ও লাইসেন্স প্রদানের প্রক্রিয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

০১. আবাসিক টেলিভিশনের লাইসেন্স ফি ৪০ ইঞ্চি পর্যন্ত এককালীন টাকা ৫০০/- (পাঁচশত) ও ৪০ ইঞ্চির ততোর্ধ্ব টাকা ১,০০০/- (এক হাজার) নির্ধারণ করার প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ;
০২. আবাসিক টেলিভিশন লাইসেন্স জনতা ব্যাংকের পরিবর্তে বিভিন্ন কোম্পানীর শো রুম হতে লাইসেন্স ইস্যু করার বিধান করে প্রত্যেক টেলিভিশন বিক্রয়কারী প্রতিষ্ঠান আবাসিক লাইসেন্স ইস্যুর কার্যক্রমে সম্পৃক্ত করা এবং
০৩. লাইসেন্স সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সহজলভ্য করার জন্য হালনাগাদ সকল তথ্যাদি বিটিভির ওয়েব সাইটে নিয়মিতভাবে প্রকাশ করা।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সোহরাব হোসেন) ২৫/০৪/১২
মহাপরিচালক

বিতরণ:

উপস্থিত সদস্যবৃন্দ।

অনুলিপি:

- ০১। উপ-মহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। পরিচালক (প্রশাসন/অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্য-বিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। কার্যালয় নথি।


২৫/০৪/১২
হাসান

সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/>	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/>	উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/>	কথা বলুন
পিএ	<input type="checkbox"/>	তাগিদ দিন
		সিনিয়র সিস্টেম এনালিস্ট